



বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন
www.bim.gov.bd



সূত্র নং : ৩৬.০৭.০০০০.০০৯.২৮.০০৮.২০.৭

তারিখ : ২১/০১/২০২১খ্রিঃ

বিষয় : চাকরি সংক্রান্ত "পেনশন, আর্থিক ব্যবস্থাপনা ও বার্ষিক গোপনীয় অনুবেদন" শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

পত্রে উল্লেখিত বিষয়বস্তুর আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিশন ২০২১ এবং সরকারের পেনশন, বার্ষিক গোপনীয় অনুবেদন ও আর্থিক বিধিবিধান কর্মক্ষেত্রে প্রয়োগ এবং অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সরকারি/স্বায়ত্বশাসিত/কর্পোরেশন/প্রকল্প-এ মধ্যম ও কনিষ্ঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনায় আগামী ২২ - ২৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ রোজ সোমবার হতে বুধবার পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী "পেনশন, আর্থিক ব্যবস্থাপনা ও বার্ষিক গোপনীয় অনুবেদন" শীর্ষক প্রশিক্ষণ বিআইএম, ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। জনপ্রতি প্রশিক্ষণফি ৬,০০০/- (ছয় হাজার) টাকা (ভ্যাট ও আয়কর ব্যতীত) মাত্র, যা নগদে/পে-অর্ডার/চেকের মাধ্যমে মহাপরিচালক, বিআইএম, ঢাকা বরাবর পরিশোধযোগ্য।

প্রশিক্ষণে নিম্নোক্ত বিষয়সমূহের উপর গুরুত্ব আরোপ করা হবেঃ

- পেনশন ও আনুতোষিক
- জাতীয় বেতন স্কেল, ২০১৫
- জেনারেল ফিন্যান্সিয়াল রুলস
- ভ্রমণ ভাতা সংক্রান্ত বিধিবিধান
- ট্রেজারি রুলস
- বার্ষিক গোপনীয় অনুবেদন
- আর্থিক ক্ষমতা অর্পণ
- আর্থিক অন্যান্য বিধিবিধান এবং প্রশ্নোত্তর পর্ব।

প্রশিক্ষণের সময়ঃ সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.৩০ টা পর্যন্ত।

মাধ্যমঃ Zoom Online Meetings (অংশগ্রহণকারীদের ID ও Password প্রদান করা হবে) ব্যবহারের মাধ্যমে।


সনদঃ প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদ সরবরাহ করা হবে।

প্রশিক্ষণ পদ্ধতিঃ বক্তৃতা, আলোচনা, প্রশ্নোত্তর পর্ব ও ঘটনা বিশ্লেষণ ইত্যাদি।

নমিনেশন জমা দেয়ার শেষ সময়ঃ ১৭ ফেব্রুয়ারি, ২০২১।

কোর্স সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য কোর্স-সমন্বয়কারি (এম.আমিনুর, উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা, মোবাইল: ০১৭১৬-৫৫১৬৬১, ই-মেইল: amenoor.bim@gmail.com) সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপরোক্ত শিরোনামের প্রশিক্ষণে প্রতিনিধি মনোনয়নে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।


(এম.আমিনুর)

উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা
ও বিভাগীয় প্রধান, হিসাববিজ্ঞান ও আর্থিক ব্যবস্থাপনা বিভাগ
এবং কোর্স সমন্বয়কারী, বিআইএম।